



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আইন সেল
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২৬.৬৯০. ২৫০৬

তারিখঃ বৈশাখ ১৪৩৩ ব
১৪ মে, ২০২৬ খ্রি.

বিষয়: ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন হরমত উল্লাহ কলেজ সংক্রান্ত তথ্যসহ রিট পিটিশন নং-২৭৭০/২০২৬ মামলায় গৃহীত পদক্ষেপের প্রমাণক প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন হরমত উল্লাহ কলেজ সংক্রান্ত তথ্যসহ জনাব মাকসুদা আক্তার কর্তৃক মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং-২৭৭০/২০২৬ মামলায় প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত পদক্ষেপের প্রমাণক সভ্যায়নপূর্বক (অধ্যক্ষ এবং প্রতিষ্ঠানের সভাপতি কর্তৃক) এ অধিদপ্তরের আইন সেলে আগামী (০৭) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (ক) প্রতিষ্ঠানের জিও (সরকারী আদেশ);
- (খ) স্পেশলাইজেশনের অনুমোদন পত্র ও নবায়নের প্রমাণক;
- (গ) প্রতিষ্ঠানে কর্মরত জনবলের তালিকা (এমপিও নীতিমালা অনুযায়ী);
- (ঘ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সহকারী অধ্যাপক জনাব মাকসুদা আক্তার এবং জনাব ফাতেমা ফেরদৌসীর নিয়োগকালীন হতে অদ্যাবধি চাকরির খারাবাহিকতার প্রমাণক;
- (ঙ) রিট পিটিশন নং-২৭৭০/২০২৬ মামলায় ৬ নং বিবাদী এবং প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত পদক্ষেপের প্রমাণক।

অধ্যক্ষ
হরমত উল্লাহ কলেজ
গফরগাঁও, ময়মনসিংহ।

(ড. রেজা হাসান মাহমুদ)
সহকারী পরিচালক-১০ (অডিট ও আইন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (ক্ষেত্র্যতার ক্রমানুসারে নহে):

- ০১। পরিচালক (পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ০৪। সহকারী পরিচালক-১২ (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ)।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। সভাপতি, গভর্নিং বডি, হরমত উল্লাহ কলেজ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ০৮। সংরক্ষণ নথি।